

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৩

আশ্বিন ১৩, ১৪২৮
তারিখঃ -----
সেপ্টেম্বর ২৮, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সাভারের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত চামড়া শিল্প প্রতিষ্ঠানের ব্যাংক ঋণ পরিশোধে বিশেষ সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখঃ জানুয়ারি ০৬, ২০২১, বিআরপিডি সার্কুলার লেটার নং-২২, তারিখঃ এপ্রিল ১২, ২০২১ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০, তারিখঃ জুন ২২, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহে বর্ণিত নির্দেশানুযায়ী Exit অথবা পুনর্গঠন/পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক সাভারের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত গ্রাহক কর্তৃক ডাউন পেমেন্ট বাবদ নগদে অর্থ পরিশোধ সাপেক্ষে সেপ্টেম্বর ৩০, ২০২১ পর্যন্ত আবেদন জমা দেয়ার সময় নির্ধারিত ছিল।

০৩। কোভিড-১৯ এর বিরূপ প্রভাব বিদ্যমান থাকা এবং কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া সংগ্রহ ও সংরক্ষণ কার্যক্রমে চামড়া শিল্প প্রতিষ্ঠানের বিনিয়োগের বিষয় বিবেচনান্তে উল্লিখিত Exit অথবা পুনর্গঠন/পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক গ্রাহক কর্তৃক ডাউন পেমেন্ট এর অর্থ নগদে জমাদান সাপেক্ষে আবেদন দাখিলের সময়সীমা আগামী ডিসেম্বর ৩০, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

০৪। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০১/২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২